বাংলাদেশ দূতাবাস
ওয়ারশ, পোল্যান্ড

AMBASADA LUDOWEJ REPUBLIKI
BANGLADESZU
WARSZAWA, POLSKA

EMBASSY OF THE PEOPLE'S REPUBLIC OF
BANGLADESH
WARSAW, POLAND

সংবাদ বিজ্ঞপ্তি

"এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই"- স্লোগানে উদযাপিত হলো তারুণ্য উৎসব- ২০২৫

পোল্যান্ডস্থ বাংলাদেশ দূতাবাস যথাযোগ্য মর্যাদায় দূতাবাস প্রাঙ্গনে প্রবাসী বাংলাদেশী তরুণ-তরুণীদের অংশগ্রহনে উদযাপিত হলো তারুণ্য উৎসব- ২০২৫। "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই"- শিরোনামের এই অনুষ্ঠানে এই প্রজন্মের ভবনা, মতামত ও অভিজ্ঞতা বিনিময়ের এক মঞ্চ হিসেবে উপস্থাপিত হয়। অনুষ্ঠানের সূচনা হয় পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে পাঠের মাধ্যমে। পরবর্তীতে মহান মুক্তযুদ্ধ এবং জুলাই-আগষ্ট ২০২৪-এর শহীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিটের নিরবতা পালন করা হয়। ছাত্র-জনতার ঐতিহাসিক আন্দলনের প্রেক্ষিতে নির্মিত প্রামন্যচিত্র **"আঁধার পেরিয়ে"** উপস্থিত সকল অতিথিবৃন্দ উপভাগ করেন।

পরবর্তীতে উপস্থিত অতিথিবৃন্দ এবং তরুণ-তরুণীগণ বাংলাদেশের বর্তমান এবং ভবিষ্যৎ নিয়ে তাঁদের পরিকল্পনাসহ অন্যান্য ভাবনা উপস্থিত সকলকে অবহিত করেন। তাঁরা জুলাই-আগষ্ট ২০২৪-এর গণ অভ্যুত্থানের প্রেক্ষাপট এবং এর সাথে ভাষা আন্দোলন এবং মুক্তিযুদ্ধের গৌরবময় অধ্যায়ের সাথে তুলনা করেন। অংশগ্রহণকারী তরুণ-তরুণীরা নতুন বাংলাদেশ গড়ার স্বপ্নে অনুপ্রাণিত হওয়ার অঙ্গিকার করেন।

দূতাবাসের মিনিষ্টার এবং চার্জ দ্যা অ্যাফেয়ার্স জনাব কাজী মুনতাসীর মুর্শেদ বলেন তারুণ্যের শক্তি ও উদ্ভাবনী ক্ষমতার উপর বাংলাদেশের ভবিষ্যৎ নির্ভর করছে। তরুণ প্রজন্মেই দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার মূল চালিকাশক্তি। দেশের টেকসই অগ্রগতির ভিত্তি স্থাপনের ক্ষেত্রে জুলাই-আগষ্ট ২০২৪-এর ছাত্র-জনতার গণ অভ্যুত্থানের ভূমিকা অনন্য। তারুণ্যের এই সংগ্রামী চেতনা ও উদ্যোগকে আরও জাগ্রত করতে হবে বলে তিনি সকলকে সচেতন করেন।

অনুষ্ঠানের শেষে পর্যায়ে শহীদ মুক্তিযুদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাসহ মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী সকল সদস্যদ এবং জুলাই-আগষ্ট ২০২৪-এর ছাত্র-জনতার গণ অভ্যুত্থানের সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত এর মাধ্যমে উৎসবের সমাপ্তি হয়।

১৪ ফেব্রুয়ারী ২০২৫

Embassy of the People's Republic of Bangladesh * Warsaw *

Wiertnicza 107, 02-952 Warsaw □ Telephone: +48 22 55 00 610 □ Facsimile: +48 22 55 00 611 □ Email: mission.warsaw@mofa.gov.bd

বাংলাদেশ দূতাবাস
ওয়ারশ, পোল্যান্ড

নং- ১৯.০১.৪৮০১.১০২.৫৭.০০৫.২৫ তারিখ: ১৪ ফেব্রুয়ারী ২০২৫

বিষয়: তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে গৃহিত কার্যক্রমের প্রতিবেদন।

সূত্র: পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২/৪৫, তারিখ ১২ ফেব্রুয়ারী ২০২৫

প্রিয় পরিচালক,

শুভেচ্ছা।

তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে অত্র দূতাবাস কর্তৃক গৃহীত কার্যক্রমের প্রেস রিলিজ এর স্বাক্ষরিত ও সফটকপি এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছক নিম্নে পূরণ পূর্বক (সফটকপি) এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা			অংশগ্রহণকারীর সংখ্যা			অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব (উপদেষ্টা/সচিব/অন্যান্য)
	নারী	পুরুষ	মোট	নারী	পুরুষ	মোট	
তারুণ্যের উৎসব-২০২৫	১		১	২৬	৩৫	৬১	পোল্যান্ড প্রবাসী বাংলাদেশীবৃন্দ

With warm regards,

14/02/25

(কাজী মুনতাসীর মুর্শেদ)
মিনিষ্টার (স্থানীয়) এবং সিডিএ এ.আই.

পরিচালক (জনকূটনীতি)
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।